দৈনিক বাংলা

তারিখ ... ৩১.৮.৭১ ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# কৃষি ভার্সিটিতে সংঘর্ষঃ ২০ জন আহত

।। নিজস্ব সংবাদদাতা ।।

ময়মনসিংহ, ৩০শে আগস্ট।—আজ ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ে দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষে ২০ জন আহত

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কৃষি ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

হয়েছে।

গতরাতে একটি ছাত্র সংগঠনের সদস্যরা বিশ্ববিদ্যালয়ের একটি আবাসিক হলে প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগঠনের দুটি কক্ষ জোরপূর্বক দখল করলে সংঘর্ষের সূত্রপাত হয়। আজ সকালে দুই গ্রুপের মধ্যে বোমা বিস্ফোরণ ও গোলাগুলি হয়। সংঘর্ষ চলাকালে ছাত্রলীগ (শো-অ) ভার্সিটি শাখার সভাপতি ওয়ালিউল্লাহ বন্দুকের গুলিতে আহত হয় বলে জানা গেছে। বাকসু সদস্য শহীদুল ইসলামকে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সংঘর্ষ চলাকালে ৬টি হলের কমপক্ষে ৫০টি কক্ষ তছনছ করা হয়।